কুষ্টিয়ায় পূনঃব্যবহৃত ব্যান্ডরোল যুক্ত বিড়ি জব্দ

কুষ্টিয়ার ভেড়ামারায় রেল স্টেশেন থেকে ১ লাখ ৪০ হাজার পূন:ব্যবহৃত ব্যান্ডরোল যুক্ত বিড়ি জব্দ করেছে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২।

শনিবার (২৮ নভেম্বর) বিকেলের দিকে উপজেলার ভেড়ামারা রেল স্টেশন থেকে এ পূন:ব্যবহৃত ব্যান্ডরোল যুক্ত বিড়ি জব্দে করে কাস্টমস কর্মকর্তার।

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ভেড়ামারা রেল স্টেশনে অভিযান পরিচালনা করে কাস্টমস ও ভ্যাট কর্মকর্তারা। সরকারের রাজস্ব ফাঁকি দিয়ে রেল যোগে দেশের বিভিন্ন অঞ্চলে এসব বিড়ি পরিবহন করা হচ্ছিল বলে তাঁরা জানান।

এসময় প্রায় ১ লাখ ৮০০ টাকা মূল্যের পূন:ব্যবহৃত ব্যান্ডরোল যুক্ত ১ লাখ শলাকা সেতু বিড়ি ও ৪০ হাজার শলাকা আশিক বিড়ি জব্দ করা হয়। যার রাজস্ব ৪৫ হাজার ৩৬০ টাকা। মালিক বিহীন অবস্থায় থাকায় এসময় কাউকে আটক করতে পারেনি কাস্টমস।

পরবর্তীতে জব্দকৃত বিড়িগুলো ভেড়ামারা সার্কেল দপ্তরে নিয়ে যাওয়া হয়। উক্ত আটককৃত বিড়ি মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহন করা হবে বরে জানিয়েছে কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কুষ্টিয়া সার্কেল-২ সূত্রে জানা গেছে।

বেগুনের সাথে মুলা চাষে সফল মিরপুরের ফারুক

কুষ্টিয়ার মিরপুর উপজেলার বলিদাপাড়া এলাকায় একময় তামাকের ব্যাপক চাষ হতো। কিন্তু কয়েক বছর ধরে সবজির চাষের দিকে ঝুঁকেছে

চাষীরা।স্বল্প সময়ে বেশি লাভ হওয়ায় তারা বিভিন্ন ধরনের সবজি চাষ করছে।

বছর চারেক আগে ৩ বিঘা জমি লিজ (ইজারা) নিয়ে সবজি চাষ শুরু করেন বলিদাপাড়া কৃষক ফারুক আহমেদ। তারপর থেকে সেই জমিতে বিভিন্ন সময়ে নানান সবজির চাষ করেন তিনি।

এক বিঘা জমিতে বেগুনের আবাদ করেছেন। সেই জমিতেই বেগুন গাছের ফাকে ফাকে মুলার আবাদ করেছিলেন। দুই মাসেই মুলা উত্তোলন করে প্রায় ৪০ হাজার টাকার বিক্রি করেছেন। এবং বেগুন গাছেও বেগুন তোলার উপযোগী হয়েছে।পাশাপাশি পেয়াজ চাষের জন্য প্রস্তুত করেছেন আরও দেড় বিঘা জমি।

শুক্রবার (২৭ নশেম্বর) সরেজমিনে দেখা যায়, ফারুক আহমেদ ও তার স্ত্রী বাজারে বিক্রির জন্য ক্ষেত থেকে বেগুন ও মুলা উত্তোলন করছেন।

বেগুন চাষ করে লাভবান হয়েছেন তিনি। পাশাপাশি উদ্বৃত্ত হিসেবে আরও লাভ পেয়েছেন মুলার শাক ও মুলা বিক্রি করে।

কৃষি বিভাগের পরামর্শে এ বছর ৩৩ শতক জমিতে বেগুন চাষ করেছেন। ২৫-৩০ হাজার টাকা খরচ করে ইতোমধ্যে ৪০ হাজার টাকার মুলা বিক্রি করেছেন। এবং বেগুন বিক্রি করা শুরু করেছেন।

কৃষক ফারুক আহমেদ বলেন, আগে অন্যের জমিতে কৃষি কাজ করতাম। তারপর কৃষি অফিসারের পরামর্শে চার বছর আগে ৩ বিঘা জমি লিজ নিয়ে বিভিন্ন ধরনের সবজির আবাদ শুরু করি। এখন জমিতে বেগুন রয়েছে। আবার একই জমিতে মুলার আবাদও করেছি সাথী ফসল হিসেবে। এছাড়াও ফুলকপি রয়েছে কিছু জমিতে এবং পেঁয়াজ চাষের জন্য দেড় বিঘা জমি তৈরী করছি।

তিনি বলেন, ৩৩ শতক জমিতে বেগুন চাষ করেছিলাম। ২৫-৩০ হাজার টাকা খরচ করে ইতোমধ্যে ৪০ হাজার টাকার মুলা বিক্রি করেছি। এছাড়া ক্ষেতে যা বেগুন আছে তা বিক্রি করলে লাখ ৭০-৮০ হাজার পাওয়া যাবে বলেও জানান তিনি।

মিরপুর উপজেলা উপসহকারী কৃষি অফিসার মাহিরুল ইসলাম বলেন, উপজেলায় বিভিন্ন শাক সবজির চাষ দিন দিন বৃদ্ধি পেয়েছে। কৃষক ফারুক আহমেদ বেগুন ক্ষেতে সাথী ফসল হিসেবে মুলা চাষ করে লাভবান হয়েছেন। এছাড়াও তার ক্ষেতে আরও অন্যান্য সবজি আছে। আমরা তাকে সার-বীজসহ

কুষ্টিয়ায় নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনালে চ্যাম্পিয়ন পাবনা

কুষ্টিয়ায় বঙ্গবন্ধু নাইট ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার রাতে কুষ্টিয়ার মিরপুর উপজেলার ডাঙ্গাপাড়া মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় পাবনা ৩-১ গোলে রাজবাড়ী জেলাকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

খেলায় ১০ হাজারেরও বেশি দর্শক খেলাটি উপভোগ করেন। জেলা ভিত্তিক এই প্রথম বঙ্গবন্ধু নাইট ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়। খেলায় দেশের নামীদামী খেলোয়াড়ের পাশাপাশি বিদেশী খেলোয়াড়ও অংশ নেয়। তবে প্রত্যান্ত অঞ্চলে রাতের অন্ধকারে লাইট জ্বালিয়ে এ খেলা এলাকার ফুটবল দর্শকদের উদ্বেলিত করে তুলেছে।

পরে খেলা শেষে পুরস্কার তুলে দেন মিরপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি এ্যাড. আব্দুল হালিম।

এসময় মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা, পোড়াদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আণোয়ারুজ্জামান বিশ্বাস মজনু, ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শহীদুল ইসলাম সবেদ, ডাঙ্গাপাড়া যুব সমাজের প্রধান আনিচুর রহমান জোয়ার্দ্দারসহ বিভিন্ন গণ্যমান্য ব্যাক্তিরা উপস্থিত ছিলেন।

আয়োজক কমিটির সদস্য মেহেদী হাসান বলেন, ফুটবল বাঙলীদের প্রিয় খেলা। এ খেলা দেখতে দর্শকরা মাঠে হুমড়ি খেয়ে পড়ে। তাই এবারই প্রথম আমরা আমাদের যুব সম্প্রদায় ব্যাতিক্রমভাবে এ খেলার আয়োজন

করেছি।

বিভিন্ন জেলার সমন্বয়ে আমরা জেলা পর্যায়ের খেলা এই প্রত্যান্ত অঞ্চলে আয়োজন করতে সক্ষম হয়েছি। তবে ফাইনাল খেলায় যে পরিমান দর্শক এসেছে তা সত্যি অবাক করার মতো বিষয়। শীতের সময় রাতের বেলা দুরদুরান্ত থেকে এসেছে ফুটবল খেলা দেখার জন্য।

উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টে ঝিনাইদহের জয়

ঝিনাইদহ সদরের সাগান্না ইউনিয়নের উত্তর নারায়ণপুর ফুটবল টুর্নামেন্টের দ্বিতীয় সেমিফাইনাল ম্যাচে কালিগঞ্জ হেলাই একাদশের বিপক্ষে পেনাল্টিতে জয় পেয়েছে ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ।

আজকের খেলায় সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন ঝিনাইদহ জেলা ফুটবল একাদশের গোলকিপার মোঃ সোহান।

খেলায় প্রথমার্ধে একটি গোল করে এগিয়ে যায় কালিগঞ্জ হেলাই একাদশ, পরবর্তীতে দ্বিতীয়ার্ধে দেয়া অতিরিক্ত তিন মিনিটে একটি গোল করে খেলায় সমতা ফিরিয়ে আনেন ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ। পরবর্তীতে পেনাল্টি অনুষ্ঠিত হলে ৪-২ গোলের ব্যবধানে জয় পায় ঝিনাইদহ জেলা ফুটবল একাদশ।

খেলা শেষে সেরা খেলোয়াড়-এর হাতে পুরস্কার তুলে দেন, ৩ নং সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান মোঃ আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ, ত্রিমোহনী মিল মালিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক, আরশাদ আলী।

খেলাটির আয়োজন ও সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে উত্তর নারায়ণপুর লায়ন্স ক্লাব।

[redacted]

[redacted]

বক্তারা ৫দফা দাবী বাস্তবায়নের দাবী জানিয়ে বলেন, চিনিকলে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের ৫-৬ মাসের বকেয়া বেতনসহ সকল পাওয়নাদি এবং অবসরপ্রাপ্ত শ্রমিক-কর্মচারীদের গ্রাচ্যুইটির টাকা পরিশোধ, চিনিকল বন্ধের প্রক্রিয়া বাতিল, আসন্ন মাড়াই মৌসুম (২০২০-২০২১) পূর্বে যাবতীয় মালামাল সরবরাহ করতে হবে, আখ উৎপাদনের স্বার্থে সার,বীজ ও কীটনাশকসহ জরুরি উপকরণসমূহ সরবরাহ করতে হবে ও আখচাষীদের আখের বকেয়া মূল্য পরিষদ করতে হবে। তারা আরো বলেন, চিনিকল গুলো বন্ধ করা হলে প্রতি কেজি ৩০০ টাকা দরে চিনি কিনতে হবে।

আলমডাঙ্গার হারদীর আলোচিত সবুর হত্যার রহস্য উন্মোচিত, অবশেষে বাদিই হচ্ছেন আসামী

আলমডাঙ্গার হারদী গ্রামের যুবক আলোচিত সবুর হত্যার রহস্য দেড় বছর পর উন্মোচিত হয়েছে। এই হত্যা মামলার অন্যতম আসামী জামাল উদ্দিন বিজ্ঞ আদালতে জবানবন্দী দিয়ে হত্যা রহস্যের জট খুলতে সহায়তা করেছে। এতে মূল পরিকল্পনাকারী মামলার বাদি হত্যাকান্ডের শিকার সবুরের স্ত্রী সালমার দিকে ইঙ্গিত রয়েছে বলে জানা গেছে।

জানা গেছে, ২০১৯ সালের ২২ জুন রাতে নিজ শয়ন কক্ষে সবুরকে গুলি করে হত্যা করে দুর্বৃত্তরা। স্ত্রী সালমা পাশের ঘরে থাকলেও ঘাতকরা সবুরকে হত্যা করে নির্বিঘ্নে পালিয়ে যায়। এ ঘটনায় সালমা বাদি হয়ে থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। এরপর একের পর এক মামলার তদন্তকারী কর্মকর্তা পরিবর্তন হতে থাকে। কিছুতেই হত্যা রহস্যের জট খোলে না।

এ সময় তদন্তের ভার পান থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান। তিনি দীর্ঘদিন ধরে মামলার মূল রহস্যে ডুবে থেকে তদন্ত করতে থাকেন। অতি গোপনে বাড়ি থেকে তুলে নিয়ে আসেন দুই আসামীকে। এরপরই চমকপ্রদভাবে এই আলোচিত হত্যা মামলার জট খুলতে সক্ষম হন তিনি।

ডাকাডাকি করে বাড়িতে জড়ো করেন।

জানা গেছে, সবুর হত্যাকান্ডের পর থেকে প্রতিবেশীদের কড়া কৌতুহল ছিল তার স্ত্রী সালমাকে নিয়ে। কিন্ত সালমাই ওই হত্যাকান্ডের বাদি হয়ে মামলা দায়ের করেন। চলতে থাকে তদন্ত। তদন্তকারী কর্মকর্তাও পাল্টাতে থাকে। সবুর হত্যার রহস্যের জট খুলতে চ্য়া না। এরপর তদন্তের দায়িত্ব পান থানার ওসি (তদন্ত) মাসুদুর রহমান। তিনি দীর্ঘীদন ধরে তদন্ত চালিয়ে গত বৃহস্পতিবারে সালমার ব্যক্তিগত ভ্যানচালক কিরন ও গাংনীর কুমারডাঙ্গার সফিউদ্দিনকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করেন। এরপর শুক্রবার রাতে হারদী গ্রাম থেকে জামাল ও কাবেরকে গ্রেফতার করে আদালতে পাঠান। এর মধ্যে বোমারু জামাল বিজ্ঞ আদালতে জবানবন্দী দেয়।

তদন্তকারী কর্মকর্তা মাসুদুর রহমান জানান, মামলার ক্লু বের করা সম্ভব হয়েছে। আরও কিছু জানার বাকি আছে। খুব অল্প সময়ের ভেতরে জড়িত সবাইকে আইনের আওতায় আনা হবে।

কালীগঞ্জে নদীতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার নিশ্চিন্তপুর এলাকায় চিত্রা নদীতে পড়ে হুসাইন (২) নাম দুই বছরর এক শিশুর মৃত্যু হয়েছে।

শনিবার সকাল ৯ টার দিকে এ ঘটনা ঘটে। নিহত শিশু হুসাইন নিশ্চিন্তপুর এলাকার নাহিদ হাসানের ছেলে।

শিশুটির বাবা নাহিদ হাসান জানায়, সকাল ৯ টার দিকে বাড়ির পাশেই খেলা করছিলো। খেলা করতে করতে হুসাইনকে খুঁজে পাওয়া যাচ্ছিল না। এরপর বাড়ির পাশে চিত্রা নদীর পানিতে হুসাইনের মরদেহ ভেসে উঠে।

কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

শৈলকুপায় হেলথ এসিস্ট্যান্ট এসোসিয়েশন এর কর্মবিরতি

স্বাস্থ্য পরিদর্শক -১১,সহকারী স্বাস্থ্য পরিদর্শক -১২ এবং স্বাস্থ্য সহকারীদের ১৩তম গ্রেড প্রদান করে নিয়োগ বিধি সংশোধনসহ বেতন বৈষম্য নিরসনের দাবিতে সারাদেশের ন্যায় অনির্দিষ্টকালের কর্মবিরতি শুরু করেছেন ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং স্বাস্থ্য সহকারীবৃন্দ।

বৃহস্পতিবার থেকে শুরু হওয়া এ কর্মসূচী, শনিবার সকাল ১০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স চত্বরে বাংলাদেশ হেলথ এসিস্ট্যান্ট এসোসিয়েশন এর উদ্দ্যোগে দ্বিতীয় দিনের মত অনুষ্ঠিত হয়। এ কর্মবিরতিতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাস্থ্য পরিদর্শক মোঃ শহিদুল ইসলাম সহ সকল স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক এবং স্বাস্থ্য সহকারীবৃন্দ ।

তারা বলেন, নিয়োগ বিধি সংশোধন করে বেতন বৈষম্য নিরসন না করা পর্যন্ত তাদের এ কর্মসূচী অব্যাহত থাকবে।
এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ডা.রাশেদ আল মামুন বলেন আন্দোলনের সঙ্গে আমাদের কোন সম্পর্ক নেই। আমাদের কাজ আমরা চালিয়ে যাচ্ছি।

কোটচাঁদপুরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার উদ্বোধন

“খাদ্য নিরাপত্তা, বিজ্ঞান ও প্রযুক্তি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে ৪২তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ

উপলক্ষে বিজ্ঞান মেলার উদ্বোধন করা হয়েছে। শনিবার বেলা ১১ টার দিকে স্থানীয় উপজেলা পরিষদ মিলনায়তনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্বাবধানে এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের সহযোগিতায় কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে এই মেলার উদ্বোধন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেলার উদ্বোধন করেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড.শফিকুল আজম খাঁন চঞ্চল।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুনেছা মিকি। উপজেলা সহকারি প্রাথমিক শিক্ষা অফিসার মাজেদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীরা। পরে বিজ্ঞান ও প্রযুক্তি মেলার বিভিন্ন ষ্টল পরিদর্শন করেন অতিথিবৃন্দ।

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের আখচাষী ও শ্রমিক কর্মচারীদের বিক্ষোভ ও মানববন্ধন

৫ দফা দাবি আদায়ে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের আখ চাষী ও শ্রমিক কর্মচারীরা।
শনিবার সকালে কারখানার প্রধান ফটকের সামনে ঝিনাইদহ যশোর মহাসড়কের এ কর্মসূচীর আয়োজন করে আখচাষী কল্যাণ সমিতি ও শ্রমিক

কর্মচারী ইউনিয়ন।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে কারখানার শ্রমিক কর্মচারী ও এলাকার কৃষকরা অংশ নেয়। এসময় বক্তব্য রাখেন, মোবারকগঞ্জ চিনিকল শ্রমিক ইউনিয়নের সভাপতি ও শ্রমিক ফেডারেশনের আইন ও দরকষাকষি সম্পাদক গোলাম রসুল, আখ চাষি কল্যাণ সমিতির সাধারন সম্পাদক মাসুদুর রহমান মন্টু, চিনিকল শ্রমিক ইউনিয়নের সাধারন সম্পাদক শরিফুল ইসলামসহ অন্যান্যরা।
এসময় বক্তারা, চিনিকল বন্ধের প্রক্রিয়া বাতিল, শ্রমিক ও আখচাষীদের বকেয়া পরিশোধ, মাড়াই মৌসুমের আগেই মালামাল সরবরাহ, আখ উৎপাদনে কৃষকদের সার, কীটনাশকসহ জরুরী উপকরণ সরবরাহসহ ৫ দফা দাবী জানান।